শুভেচ্ছা

বিবাহবার্ষিকী

Happy Marriage Anniversary Ma-Baba. From- Ani, Guddi & Saikat.

মিতালির চওড়া ব্যাটে জয় ভারতের

পোচেস্ট্রুম, ১৩ ফেব্রুয়ারি ঃ দক্ষিণ আফ্রিকার মাটিতে প্রথম টি২০ ম্যাচে জয় পেল ভারত। মঙ্গলবার পোচেস্ট্রুমে প্রোটিয়াজ বাহিনীকে সাত উইকেটে হারাল তারা। ভারতের জয়ে অবদান রাখলেন ওপেনার মিতালি রাজ। অপরাজিত ৫৪ রানের অনবদ্য ইনিংস খেললেন তিনি। একইসঙ্গে তৃতীয় উইকেটে জেমিমা রডরিগেজের (৩৭) সঙ্গে ৬৯ রানের এবং পরে চতুর্থ উইকেটে বেদা কৃষ্ণমূর্তির (৩৭) সঙ্গে ৫২ রানের জুটি গড়েন মিতালি। জয়ের জন্য ১৬৪ রান তাড়া করতে নেমে ৩ উইকেট খুইয়ে অনায়াসেই লক্ষ্যে পৌঁছে যায় ভারত।

এদিন প্রথমে ব্যাট করে ড্যান ভান নিকার্ক (৩৮), চলি ট্রায়নের (৩২ অপরাজিত) ব্যাটে ভর করে ৪ উইকেট হারিয়ে ১৬৪ রান তোলে দক্ষিণ আফ্রিকা। ভারতের হয়ে অনুজা পাটিল ২টি উইকেট নেন।

ছিটকে গেলেন ঝুলন ঃ বঙ্গ ক্রিকেটের জন্য দুঃসংবাদ। গোড়ালির চোটের জেরে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে টি২০ সিরিজ থেকে ছিটকে গেলেন ঝুলন গোস্বামী। প্রোটিয়াজদের বিরুদ্ধে পাঁচটি টি২০ ম্যাচের সিরিজের প্রথম খেলার দিনেই এই খবর জানানো হয় বোর্ডের পক্ষ থেকে। বোর্ডের বার্তায় বলা হয়েছে চোটের জেরে দেশে ফিরে এসে বেঙ্গালুরুর ন্যাশনাল ক্রিকেট অ্যাকাডেমিতে (এনসিএ) রিহ্যাব ট্রেনিং করবেন ঝুলন। বোর্ডের বার্তায় জানানো হয়েছে, 'গোড়ালিতে চোট পেয়েছেন ঝুলন গোস্বামী। এমআরআই রিপোর্টের ভিত্তিতেই চিকিৎসকরা তাঁকে বিশ্রামের পরামর্শ দিয়েছেন। হাড়ে যাতে আর প্রভাব না পড়ে তাই তাঁকে বিশ্রামের ব্যাপারে সবুজ সংকেত দেওয়া হয়েছে। আপাতত দেশে ফিরে এনসিএতে রিহ্যাব প্রক্রিয়া চালাবেন তিনি।' দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে দ্বিতীয় একদিনের ম্যাচে প্রথম মহিলা ক্রিকেটার হিসেবে ২০০ উইকেট দখলের কীর্তি গড়েছেন তিনি। সেই ম্যাচেই গোড়ালিতে চোটের জেরে তৃতীয় একদিনের ম্যাচেও খেলতে পারেননি ঝুলন।

অর্ধশতরানের ইনিংসে ভারতের জয়ের ভিত গড়লেন মিতালি রাজ।

সেন্ট জর্জ পার্কে ভারত-উদয়

সবার পরিশ্রমেই ইতিহাস তৈরি হল : বিরাট

পোর্ট এলিজাবেথ, ১৩ ফেব্রুয়ারি ঃ ২০১৮, ১৩ ফেব্রুয়ারি।

ভারতীয় ক্রিকেট ইতিহাসে আরও একটা স্মরণীয় দিন। সেন্ট জর্জ পার্কে আরও এক স্মরণীয় অধ্যায়ের সূচনা বিরাট ব্রিগেডের হাত ধরে। ১৯৯২-১৯৯৩ থেকে গত আড়াই দশকে আজহারউদ্দিন, সৌরভ গঙ্গোপাধ্যায়ের তারকাখচিত দল যা করে দেখাতে পারেনি, সেটাই আজ করায়ত্ত বিরাটদের।

প্রথম ভারতীয় দল হিসেবে কোনো সিরিজ জয়। ঐতিহাসিক মুহূর্ত। দলগত পরিশ্রমের ফল হিসেবে যে ইতিহাসকে বর্ণনা করলেন ভারত অধিনায়ক। ম্যাচ শেষে স্বপ্নপূরণের উচ্ছ্বাস নিয়ে বিরাট বলেন, 'আমি খুশি। দারুণ খুশি। আরও একটা কমপ্লিট পারফরম্যান্স। ইতিহাস তৈরি। এরজন্য আমরা প্রত্যেকে প্রচুর পরিশ্রম করেছি।'

টেস্ট সিরিজের তৃতীয় ম্যাচ থেকে ঘুরে দাঁড়ানো। জোহানেসবার্গ টেস্টে দক্ষিণ আফ্রিকাকে হারানোর পর অক্সিজেন পাওয়া। যার কাঁধে ভর করে স্বপ্নের নতুন উড়ানে ভারতীয় দল। বিরাটের কথায়, 'জোহানেসবার্গ টেস্টের পর আমাদের সময়টা ভালো যাচ্ছে। সবার মিলিত প্রচেষ্টার ফল আজকের ইতিহাস।' শুক্রবারের সেঞ্চুরিয়ান ম্যাচ নিয়মরক্ষার। কিন্তু তাতেও জয়ের ফোকাস নড়ছে না ভারতীয় দলের। বিরাট বলেন, '৪-১ ব্যবধানে এগিয়ে সিরিজ জয়, দারুণ অনুভূতি। আপাতত লক্ষ্য ৫-১ করা। রিজার্ভ বেঞ্চে এখনও দু-তিনজন রয়েছে, তাদেরও সুযোগ দেওয়ার কথা ভাবা হবে। জয়ের সঙ্গে সেটাও ভাবনায় থাকবে।'

ফর্মে ফেরার ম্যাচ। মাথার উপর পাহাড় প্রমাণ ব্যর্থতার চাপ নিয়ে সেঞ্চুরি। আর যার হাত ধরে ইতিহাস। ম্যাচের সেরার পুরস্কার হাতে স্বভাবতই খুশিটা দ্বিগুণ রোহিত শর্মার। বলছিলেন, 'অনেক দিন পর রান পেলাম। ভালো লাগছে। বিশেষত, সেঞ্চুরি পাওয়া এবং দলের জয়, খুশিটা বেশিই। রান পাচ্ছিলাম না। কিন্তু বিশ্বাস ছিল নিজের উপর। জানতাম খুব বেশি পরিবর্তন দরকার নেই। শুধু ফোকাসটা ঠিকঠাক রাখা দরকার। দরকার ছিল ক্রিজে একটু বেশি সময় কাটানো। আজ সেটাই করতে পেরেছি। আসলে আজকের দিনটা আমার ছিল। দলকে একটা ভালো জায়গায় পৌঁছে দিতে পেরে আমি খুশি। বোলাররা যা ডিফেন্ড করল দারুণভাবে। আমাদের দলের হলমার্ক এটাই।'

দক্ষিণ আফ্রিকার অধিনায়ক মার্করাম কৃতিত্বটা ভারতকেই দিলেন। স্বীকার করলেন, 'কঠিন সময়। তবে কৃতিত্বটা সবার আগে প্রাপ্য ভারতের। আমাদের ব্যাটিং প্রত্যাশিতমানে পৌঁছোয়নি। নিয়মিত উইকেট হারিয়ে ছন্দটাই খুঁজে পাইনি। উলটোদিকে নিজেদের গেমপ্ল্যানে সফল ভারত। কৃতিত্বটা তাই দিতেই হবে ওদের।' হারের মধ্যেই লুঙ্গি এনগিডির বোলিংয়ের ভূয়সী প্রশংসা করলেন প্রোটিয়াজ দলপতি। বলেন, 'দুর্দান্ত স্পেল। মাঝের এবং শেষদিকে ওর বোলিংটা গুরুত্বপূর্ণ ছিল। ব্যাটিংয়ের মাঝামাঝি সময় পর্যন্ত সবকিছু ঠিকঠাক চলছিল। কিন্তু আমরা বেশ কিছু উইকেট উপহার দিয়েছিল, যে দোষে আমিও দোষী।'

ওডিআই কেরিয়ারে ১৭তম শতরানের পথে রোহিত শর্মা।

জোহানেসবার্গ ম্যাচের পর ফের ভারতীয় স্পিনে বিদ্ধ প্রোটিয়াজ ব্যাটিং। যদিও মার্করাম দাবি করেন, 'আমরা তুলনামূলকভাবে ওদের স্পিনারকে অনেক ভালো খেলছি। সিরিজ যত এগিয়েছে, বুঝতে পারছি ওদেরকে। এটা আমাদের প্রত্যেকের জন্য শিক্ষণীয়। সিরিজ খোয়ালেও, শেষটা জয়ের মেজাজে করতে চাই। সেঞ্চুরিয়ানের শেষ ওডিআই ম্যাচে ইতিবাচক মানসিকতা নিয়েই নামব।'

টি২০-তে প্রোটিয়াজদের দায়িত্বে ডুমিনি

পোর্ট এলিজাবেথ, ১৩ ফেব্রুয়ারি ঃ সামনের মাসেই ক্রিকেট সফরে আসছে অসিবাহিনী। সেই সফরের কথা মাথায় রেখে ভারতের বিরুদ্ধে আসন্ন টি২০ সিরিজে দলের একাধিক ক্রিকেটারকে বিশ্রামে পাঠাল দক্ষিণ আফ্রিকার ক্রিকেট বোর্ড। চোটের জন্য টি২০ সিরিজে নেই ফাফ ডুপ্লেসিস। তাঁর জায়গায় প্রোটিয়াজ বাহিনীর নেতৃত্বে দেখতে পাওয়া যাবে জাঁ পল ডুমিনিকে। দক্ষিণ আফ্রিকার ১৪ জনের টি২০ দলে সুযোগ পেলেন ব্যাটসম্যান ক্রিশ্চিয়ান জনকার, পেসার জুনিয়ার ডালা এবং উইকেটকিপার ব্যাটসম্যান হেনরিচ ক্লাসেন। টি২০ সিরিজে বিশ্রাম দেওয়া হল স্পিনার ইমরান তাহির, হাসিম আমলা, আইডেন মার্করামের মতো টেস্ট দলের নিয়মিত ক্রিকেটারদের। তবে ভারতের বিরুদ্ধে টি২০ সিরিজে দলে রয়েছেন এবি ডিভিলিয়ার্স।

এদিন দল ঘোষণার পর ক্রিকেট দক্ষিণ আফ্রিকার পক্ষ থেকে নির্বাচক কমিটির আহ্বায়ক লিন্ডা ঝন্ডি বলেন, 'ভারতের বিরুদ্ধে টি২০ সিরিজ শেষ হওয়ার পাঁচ দিনের মধ্যেই অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টেস্ট সিরিজে খেলতে নামতে হবে ক্রিকেটারদের। সেই কথা মাথায় রেখেই টেস্ট দলের নিয়মিত কিছু ক্রিকেটারদের বিশ্রামে পাঠানো হল।' ২০২০ সালের টি২০ চ্যাম্পিয়নশিপকে মাথায় রেখে দলে জনকার, রেজা হেনড্রিকস, তাবরেইজ শামসি, অ্যারন ফাঙ্গিসোর মতো নতুন মুখদের সুযোগ দেওয়া হয়েছে বলে জানান ঝন্ডি।

পুরো দল ঃ জেপি ডুমিনি (অধিনায়ক), ফারহান বেহারদিন, জুনিয়র ডালা, এবি ডিভিলিয়ার্স, রেজা হেনড্রিকস, ক্রিশ্চিয়ান জনকার, হেনরিচ ক্লাসেন, ডেভিড মিলার, ক্রিস মরিস, জেমস পিটারসন, অ্যারন ফাঙ্গিসো, আন্ডিল ফেলুকায়ো, তাবরেইজ শামসি, ও জন-জন স্মুটস।

২ হাজার কোটি মুনাফার লক্ষ্যে বোর্ড

নয়াদিল্লি, ১৩ ফেব্রুয়ারি ঃ ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ বা আইপিএল শুরু হতে এখনও বাকি প্রায় দেড়মাস। কিন্তু আইপিএল-কে কেন্দ্র করে সর্বোচ্চ মুনাফা লাভের নীল নকশা কষতে শুরু করেছে ভারতীয় ক্রিকেট বোর্ড। এপ্রিলের প্রথম সপ্তাহ থেকে শুরু হতে চলা একাদশ আইপিএল থেকে বিসিসিআই প্রায় ২ হাজার কোটি টাকা মুনাফা করতে চায় বলে খবর। বোর্ডের একটি সূত্র আজ এমনই ইঙ্গিত দিয়েছে। আইপিএল এখন ভারতীয় বোর্ডের আয়ের মূল উৎস। তাই কোশাগার ভরতি করার লক্ষ্যে গত কয়েক বছরের তুলনায় এবার আইপিএল থেকে যত বেশি সম্ভব মুনাফার ব্যাপারে প্রবল আশাবাদী ভারতীয় ক্রিকেট বোর্ড।

প্রোটিয়াদের দেশে প্রথম সিরিজ জয়

প্রথম পাতার পর

৯ রানের মাথায় শ্রেয়স আইয়ারের ক্যাচ ফেলার সৌজন্যে মার্করাম একবার বেঁচেও যান। তবে ডুমিনি (১) ও ডিভিলিয়ার্স (৬) ব্যর্থ। দুজনেই খারাপ শটে উইকেট উপহার দেন পান্ডিয়াকে। আমলার সঙ্গে মিলার (৩৬), ক্লাসেনরা (৩৯) চেষ্টা চালালেও আজ ভারতকে আটকাতে পারেননি।

এর আগে ভারতীয় ইনিংসকে টানার কাজটা সারেন রোহিত শর্মা। দীর্ঘ আট ইনিংসের (টেস্ট ও ওডিআই মিলিয়ে) ব্যর্থতা ঝেড়ে এদিন ১১৫ রানের ইনিংস খেলছেন রোহিত শর্মা। ১২৬ বলে ১১টি চার ও ৪টি ছক্কা দিয়ে সাজানোর ইনিংসের সুবাদে ভারত ২৭৪-৭ স্কোরে পৌঁছোতে সক্ষম হয়। লোয়ার মিডলঅর্ডার এদিন ব্যর্থ না হলে স্কোরটা তিনশো প্লাস হতে পারত। রোহিতের আউটের সময় দলের স্কোর ৪২.২ ওভারে ২৩৬-৪। হাতে ৪৬টা বল। ৪৩তম ওভারে রোহিত ও পান্ডিয়াকে পরপর দুই বলে আউট করেন এনগিডি। এরপর জমে যাওয়া শ্রেয়স ও ধোনি-চার উইকেট নিয়ে স্লগ ওভারে ভারতের ঝড় তোলার রাস্তাটা বন্ধ করে দেন এনগিডি (৫১-৪)। দশ হাজার রানের মাইলফলক থেকে ৪৬ রান দূরে ছিলেন। কিন্তু ১৩ রানে আউট হয়ে সমর্থকদের প্রত্যাশা পূরণ করতে পারেননি। বাকিরাও নৈব নৈব চ।

৩-১-এর অ্যাডভান্টেজ নিয়ে সিরিজ জয়ের লক্ষ্যে এদিন ভারতের শুরুটা একদম পারফেক্ট। রাবাদা-মরকেলদের পালটা মারের ভারটা ফের তুলে নেন শিখর। ২৩ বলে ৮টি চারের সাহায্যে ৩৪ রান। জোহানেসবার্গে সেঞ্চুরি ইনিংসের ঝলকটাই এদিন ঐতিহ্যের পোর্ট এলিজাবেথেই ফুটে উঠছিল। কিন্তু অতিরিক্ত সাহসী হতে গিয়েই আউট শিখর। ফেরার আগে অবশ্য বিরাটের পর দ্বিতীয় ব্যাটসম্যান হিসেবে চলতি সিরিজে তিনশো রানের ক্লাবে ঢুকে পড়েন।

রোহিতও ততক্ষণে ক্রিজে থিতু হয়ে গিয়েছেন। শুরুর কয়েক ওভারে রাবাদাকে সামলাতে হিমশিম খেলেও, ক্রমে খোলস থেকে বেরিয়ে আসেন। রানমেশিন বিরাটকে নিয়ে রাবাদা, মরকেলদের ১৪৫ কিলোমিটার প্লাস গতির চ্যালেঞ্জটা সহজেই সামলাচ্ছিলেন। দুজনে ১০৫ রানও যোগ করেন। ২৫ ওভারে দেড়শো পার। ৩২০-৩২৫ স্কোর উঁকি মারছে। কিন্তু ভারতীয় শিবিরের সেই উচ্ছ্বাস চুপসে গেল জোড়া রানআউটে। প্রথম শিকার বিরাট কোহলি (৩৬)। রোহিত বলটা সামনেই খেলেছিলেন। বল সোজা চলে যায় ডুমিনির হাতে। কিন্তু রানচুরির দুসাহসী পদক্ষেপে বিরাট নিজের উইকেটটাই খুইয়ে বসেন। রোহিতের 'না'-এর পর আর ক্রিজে ফিরতে পারেননি ভারত অধিনায়ক। সরাসরি থ্রোয়ে উইকেট ভেঙে দেন ডুমিনি। কয়েক ওভার পর রাহানে (৮) আউট। এবার রোহিতের ভুল। নিশ্চিত রান। রাহানে নন স্ট্রাইকার এন্ডেও প্রায় পৌঁছে গেলেও ক্রিজ ছেড়ে রোহিত নড়েননি।

ভুলের প্রায়শ্চিত্ত করার চেষ্টা চালিয়েছিলেন রোহিত। চতুর্থ উইকেটে শ্রেয়স আইয়ারকে (৩০) নিয়ে ৬০ রান যোগ করেন। এরমধ্যেই কেরিয়ারের ১৭তম সেঞ্চুরি পূরণ করে নেন। ভাগ্য কিছুটা সুপ্রসন্ন ছিল। ৯৬ রানের মাথায় রাবাদার বাউন্সারকে মাথার উপর দিয়ে চামচা শটে মাঠের বাইরে পাঠাতে গিয়ে তাবরেইজ শামসির হাতে ক্যাচ দিয়ে বসেছিলেন। শেষপর্যন্ত শামসির ওভারেই তিন অঙ্কে পৌঁছে যান।

শেষপর্যন্ত রোহিতের ফর্মে ফেরা সেঞ্চুরিটাই ব্যবধান গড়ে দেয়। এনে দেয় ঐতিহাসিক সিরিজ জয়ের স্বাদ।

স্কোরবোর্ড

ভারত	
ধাওয়ান ক ফেলুকায়ো বো রাবাদা	৩৪
রোহিত ক ক্লাসেন বো লুঙ্গি	১১৫
কোহলি রানআউট	৩৬
রাহানে রানআউট	৮
শ্রেয়স ক ক্লাসেন বো লুঙ্গি	৩০
পান্ডিয়া ক ক্লাসেন বো লুঙ্গি	০
ধোনি ক মার্করাম বো লুঙ্গি	১৩
ভুবনেশ্বর অপরাজিত	১৯
কুলদীপ অপরাজিত	২
অতিরিক্ত	১৭
মোট (৭ উইকেট, ৫০ ওভার)	**২৭৪**

উইকেট পতন ঃ ১/৪৮, ২/১৫৩, ৩/১৭৬, ৪/২৩৬, ৫/২৩৬, ৬/২৩৮, ৭/২৬৫।

বোলিং ঃ মরকেল ১০-২-৪৪-০, রাবাদা ৯-০-৫৮-১, লুঙ্গি ৯-১-৫১-৪, ফেলুকায়ো ৮-০-৩৪-০, ডুমিনি ৪-০-২৯-০, শামসি ১০-০-৪৮-০।

দক্ষিণ আফ্রিকা	
আমলা রানআউট	৭১
মার্করাম ক কোহলি বো বুমরাহ	৩২
ডুমিনি ক রোহিত বো পান্ডিয়া	১
ডিভিলিয়ার্স ক ধোনি বো পান্ডিয়া	৬
মিলার বো চাহাল	৩৬
ক্লাসেন স্টা ধোনি বো কুলদীপ	৩৯
ফেলুকায়ো বো কুলদীপ	০
রাবাদা ক চাহাল বো কুলদীপ	৩
মরকেল এলবিডব্লিউ বো চাহাল	১
শামসি ক পান্ডিয়া বো কুলদীপ	১
লুঙ্গি অপরাজিত	৪
অতিরিক্ত	৮
মোট (অলআউট, ৪২.২ ওভার)	**২০১**

উইকেট পতন ঃ ১/৫২, ২/৫৫, ৩/৬৫, ৪/১২৭, ৫/১৬৬, ৬/১৬৮, ৭/১৯৬, ৮/১৯৭, ৯/১৯৭, ১০/২০১।

বোলিং ঃ ভুবনেশ্বর ৭-০-৪৩-০, বুমরাহ ৭-০-২২-১, পান্ডিয়া ৯-০-৩০-২, কুলদীপ ১০-০-৫৭-৪, চাহাল ৯.২-০-৪৩-২।

ফল ঃ ৭৩ রানে জয়ী ভারত।
সিরিজ ঃ ৪-১-এ এগিয়ে ভারত।
ম্যাচের সেরা ঃ রোহিত শর্মা।

পুতিন-ইনফ্যান্তিনো বৈঠক

মস্কো, ১৩ ফেব্রুয়ারি ঃ চলতি বছরেই রাশিয়ার মাটিতে বিশ্বকাপের আসর বসতে চলেছে। ফুটবলের বিশ্বসেরার মঞ্চের প্রস্তুতি নিয়ে ফিফা সভাপতি জিয়ান্নি ইনফ্যান্তিনোর সঙ্গে বৈঠক করলেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সোমবার বিশ্বকাপের প্রস্তুতি নিয়ে দু-জনের মধ্যে দীর্ঘক্ষণ আলোচনা হয়। সোচির ব্ল্যাক সি রিসর্টে ইনফ্যান্তিনোর থাকার কথা থাকলেও রবিবার মস্কোর বিমান দুর্ঘটনার জেরে তিনি রাজধানীতেই থাকার সিদ্ধান্ত নেন। মর্মান্তিক দুর্ঘটনার জন্য তিনি মৃতদের পরিবারের প্রতি সমবেদনাও জানান।

DARJEELING PUBLIC SCHOOL
Dabgram, Fulbari, Siliguri
(Affiliated to CBSE; Code-2430156)
Science, Commerce & Humanities
with Boarding and Day Boarding
Admission Open, Session: 2018-19
Class Nursery to IX and XI
Contact : 9064795034 / 7864005237
[Scholarship for 10 CGPA Students]
• Modern Infrastructure
• Progressive Teaching
• Affordable Fees

শ্রাদ্ধানুষ্ঠান

সুনীল চন্দ্র ভাওয়াল

আমাদের পরম পূজনীয় সুনীল চন্দ্র ভাওয়াল গত ২রা ফেব্রুয়ারী, ২০১৮ স্বজ্ঞানে ইহলোকের মায়া ত্যাগ করে সাধনোচিত ধামে গমন করেছেন। তাঁর বিদেহী আত্মার শান্তি কামনায় আজ ১৪ই ফেব্রুয়ারী ২০১৮ শরৎ বোস রোড, হাকিমপাড়া, শিলিগুড়িস্থিত নিজ বাসভবনে পারলৌকিক ক্রিয়াদি সম্পন্ন হবে এবং আগামীকাল ১৫ই ফেব্রুয়ারী ২০১৮ মধ্যাহ্নভোজ অনুষ্ঠানে আত্মীয় পরিজন, বন্ধু-বান্ধব, শুভানুধ্যায়ী ও শ্মশান বন্ধুদের উপস্থিতি কামনা করি।

শোকস্তব্ধ ঃ অঞ্জলী ভাওয়াল (স্ত্রী) সুমিত ভাওয়াল (পুত্র)
অর্পিতা ভাওয়াল (পুত্রবধূ) সোমা ও সুমন নন্দী (কন্যা ও জামাতা)
সায়ক নন্দী, সর্ণাভ ও সৃজিতা ভাওয়াল (নাতি ও নাতনি)
এবং আমাদের নিম্নস্থ প্রতিষ্ঠানের কর্মী বৃন্দ ঃ
• ANJUSHREE, Seth Srilal Market, Siliguri
• ANJUSHREE TEA ESTATE, Bhaisvita, Chopra, North Dinajpur
• T & T AGRO PVT. LTD., Kajaldighi, Mainaguri, Jalpaiguri
Mob.: 9434376726

ঈশানকে সৌরভ

'টেস্ট খেললে আবার ছবি তুলব'

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৩ ফেব্রুয়ারি ঃ অবিশ্বাস্য দ্রুততায় বদলে যাচ্ছে তার জীবন। বাংলার ঈশান পোড়েল এখন ভারতের উঠতি তারকা। অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে পায়ে চোট পেয়েছিলেন। ঈশানের সেই চোট এখনও পুরো সারেনি। সোমবার বেঙ্গালুরুর জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে রিহ্যাবের জন্য যাচ্ছেন ঈশান। তার আগে আজ বিকেলে সিএবি সভাপতি সৌরভের আমন্ত্রণে হাজির হয়েছিলেন দ্রাবিড়ের পছন্দের বঙ্গ পেসার। সৌরভের সঙ্গে একান্তে কিছুটা সময়ও কাটালেন। নিলেন পরামর্শ। পরে ঈশানকে নিয়ে সংবাদমাধ্যমের সামনে হাজির হয়ে উঠতি বঙ্গ পেসারকে আগামীর চ্যালেঞ্জ ছুড়ে দিলেন মহারাজ। ঈশানের সঙ্গে সংবাদমাধ্যমের অনুরোধে ছবি তোলার পর বলে দিলেন, 'আপাতত এটাই শেষ ছবি। আবার ছবি উঠবে ও টেস্ট খেললে।'

মহারাজকীয় রসিকতায় ঈশান তখন অবাক। সৌরভ অবশ্য থামেননি। বরং ঈশানকে অনূর্ধ্ব-১৯ বিশ্বজয়ের শুভেচ্ছা জানিয়ে প্রাক্তন ভারত অধিনায়ক বলে দিয়েছেন, 'ওকে এখানেই থামলে চলবে না। এগিয়ে যেতে হবে। সামনের পথ আরও কঠিন। আমি ওকে বলতে চাই, পরিশ্রম করো আর ফিট থেকে এগিয়ে যাও। সর্বোচ্চস্তরের ক্রিকেটে ফিটনেসের কোনো বিকল্প নেই।' মন দিয়ে সৌরভের পরামর্শ শুনেছেন ঈশান। পরে বলেছেন, 'এই পরামর্শ চিরকাল মনে রাখব। আপাতত পরিবারের সঙ্গে কয়েকদিন কাটিয়ে সোমবার বেঙ্গালুরুর জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে যাচ্ছি। আশাকরি দ্রুত সম্পূর্ণ ফিট হয়ে উঠব।'

সিএবি-তে সৌরভের সঙ্গে ঈশান পোড়েল।

AUTHORISED DEALERS: **KHOKAN MOTORS:** SILIGURI, JALPAIGURI, DARJEELING, KALIMPONG, ISLAMPUR, RAIGANJ, BALURGHAT, GANGARAMPUR, COOCHBEHAR, ALIPURDUAR, FALAKATA, BIRPARA & MALBAZAR: 9225792259 **SONA WHEELS:** SILIGURI, JALPAIGURI, DARJEELING, KALIMPONG, ISLAMPUR, RAIGANJ, BALURGHAT, GANGARAMPUR, COOCHBEHAR, ALIPURDUAR, FALAKATA, BIRPARA & MALBAZAR: 7602097871 **S. N. MOTORS:** MALDA & RATUA: 99333 63280.

সম্পাদক ঃ **সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারী মঞ্জুশ্রী তালুকদারের পক্ষে সঞ্জীব তালুকদার** কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী- ৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস ঃ ৭ ওল্ড কোর্ট হাউস স্ট্রিট, কলকাতা-৭০০০০১, ফোন ঃ ২২৪৩-৫৬৬৩, ২২১০-১৮২০/১২০১, ফ্যাক্স ঃ ০৩৩-২২৪৩-৫৬১৮, ২৪১৯২৩৫৮। জলপাইগুড়ি অফিস ঃ ডিবিসি রোড, নতুনপাড়া, জলপাইগুড়ি-৭৩৫১০১, ফোন ঃ ০৩৫৬১-২২৪২১৪, ২৩১৬৪৪। কোচবিহার অফিস ঃ দেবীবাড়ি, নতুনপাড়া, কোচবিহার-৭৩৬১০১, ফোন ঃ ০৩৫৮২-২২৬৪৩৩। আলিপুরদুয়ার অফিস ঃ এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট, আলিপুরদুয়ার-৭৩৬১২২, ফোন ঃ ০৩৫৬৪-২৫৯৪০১। মালদা অফিস ঃ মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্স, তৃতীয় তল, সরযূপ্রসাদ রোড, নেতাজি মোড়, মালদা-৭৩২১০১, হোয়াটসঅ্যাপ ঃ ৮৫৮৪৮৮৩২৫৯, ফোন ঃ ০৩৫১২-২২১৬৯৩ (সংবাদ), ২২১৬৯৬ (বিজ্ঞাপন ও অফিস), ফ্যাক্স ঃ ২২১৬৯৪। শিলিগুড়ি ফোন ঃ সম্পাদক ও প্রকাশক ঃ ২৪৩৬২৫১, জেনারেল ম্যানেজার ঃ ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন ঃ ২৫২৪৭২২, সার্কুলেশন ঃ ২৫২৬৬৩৫, অফিস ঃ ২৫২৯৬৬১, ২৫২৬৯৯৯ ও ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ ঃ ৭৮৭২৯৩৩৮৮৮, রিপোর্টিং ঃ ২৫২০০০৩, হোয়াটসঅ্যাপ ঃ ৯৭৩৫৭৩৯৬৭৭। ফ্যাক্স ঃ ০৩৫৩-২৪৩৪৪৪৫ / ২৫২৯৬৬০। Registration No. RN/35012/80 and Postal Reg. No. WB/NBSR/D-03/2003-08, E. Mail : uttarbanga@hotmail.com uttarbanga@yahoo.com uttarmail2014@gmail.com uttarbanga@indiatimes.com Website : http://www.uttarbangasambad.in